# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : info@ bise-ctg.gov.bd, Website : www.bise-ctg.gov.bd


স্মারক নং-চশিবো/ক-শা/রেজিঃ (প্রাইভেট)/৩২০/০৮/ ১০১৫(১৪) তারিখ ঃ০৪/০২/২০২৫খ্রিঃ

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম -এর অধীনে ২০২৫ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় (এইচ.এস.সি) অংশগ্রহণেচ্ছু প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমান পরীক্ষা ২০২০ (উন্মুক্ত বিশ্ববিদালয় ব্যতীত) এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০১৯ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে।

১। রেজিস্ট্রেশন নবায়ন ব্যতীত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৫ সালের জন্য প্রযোজ্য পাঠ্যসূচি অনুযায়ী এইচএসসি পরীক্ষা-২০২৫-এ অংশগ্রহণ করতে হবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

২। কোনো শিক্ষার্থী কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হয়ে থাকলে তার রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত সে প্রাইভেট রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে। অর্থাৎ কোনো শিক্ষার্থী দ্বৈত রেজিস্ট্রেশন করতে পারবে না।

৩। প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ড কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত যে কোনো একটি কলেজের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করতে হবে।

৪। প্রাইভেট পরীক্ষার্থীগণ যে কলেজের মাধ্যমে নিবন্ধন বা রেজিস্ট্রেশন করবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোনো অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

৫। প্রাইভেট পরীক্ষার্থীরা কেবল মানবিক, ব্যবসায় শিক্ষা ও ইসলামী শিক্ষা শাখায় রেজিস্ট্রেশন করতে পারবে। তবে যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় ব্যতীত) সে সকল বিষয়/বিষয়সমূহে রেজিস্ট্রেশন করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।

৬। বোর্ডের কোনো কর্মচারী বোর্ডে কর্মরত অবস্থায় নিজ বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না । তবে ইচ্ছা করলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৭। সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীগণকে রেজিস্ট্রেশনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত যে কোনো একটি কলেজের অধ্যক্ষের নিকট ০৫/০২/২০২৫ থেকে ১৬/০২/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি ও অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে। প্রাইভেট পরীক্ষার জন্য জেলা ভিত্তিক নির্ধারিত কলেজসমূহের নাম নিম্নে দেয়া হলো ঃ

| ক্রমিক | জেলার নাম | নির্ধারিত কলেজসমূহের নাম ও EIIN |
|---|---|---|
| ০১ | চট্টগ্রাম জেলা | ক) চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম (১০৪৫৩২)<br>খ) চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম (শুধুমাত্র মহিলাদের জন্য) (১০৪৭১০)<br>গ) সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম (শুধুমাত্র ব্যবসায় শিক্ষা শাখার জন্য) (১০৪৩০২) |
| ০২ | কক্সবাজার জেলা | কক্সবাজার সরকারি কলেজ (১০৬৩১৭) |
| ০৩ | রাঙ্গামাটি পার্বত্য জেলা | রাঙ্গামাটি সরকারি কলেজ (১০৭৮১৮) |
| ০৪ | খাগড়াছড়ি পার্বত্য জেলা | খাগড়াছড়ি সরকারি কলেজ (১০৬৭৮৯) |
| ০৫ | বান্দরবান পার্বত্য জেলা | বান্দরবান সরকারি কলেজ (১০৩১০৭) |

৮। কলেজ কর্তৃক নিম্নোক্ত ছক পূরণপূর্বক প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাশের **মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন ফি জমা রশিদ** (১০০/- টাকা হারে প্রতি জন) বোর্ডের কলেজ শাখায় দাখিল করার তারিখ- **১৭/০২/২০২৫** থেকে **২০/০২/২০২৫** পর্যন্ত । অত্রবোর্ডের কলেজ শাখায় মুল কাগজপত্রসমূহ যাচাই বাছাই সম্পন্ন হওয়ার পর ফেরত নিয়ে স্ব স্ব কলেজে সংরক্ষণ করতে হবে।

| ক্রমিক নং | শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম (ইংরেজি বড় অক্ষরে) | শিক্ষার্থীর SSC রেজি: নম্বর, শিক্ষাবর্ষ, রোল নম্বর, পাশের সন ও বোর্ড | শিক্ষার্থীর এইচএসসি- এর চাহিত বিভাগ, বিষয় ও বিষয় কোডসমূহ |
|---|---|---|---|
| | | | |

৯। কলেজ কর্তৃক ০৫/০২/২০২৫ থেকে **১৬/০২ /২০২৫** তারিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন (eSIF) করার জন্য নির্ধারিত Link-এ কলেজের ID (EIIN) ও Password ব্যবহার করে সতর্কতার সাথে eSIF সম্পন্ন করতে হবে যাতে কোনো ভুল না হয়। ডাউনলোডকৃত eSIF এর তালিকা এবং মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত) ২৩/০২/২০২৫ তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, মূল নম্বরপত্র তালিকার ক্রমানুসারে সাজিয়ে দিতে হবে এবং যাচাইয়ের পর ফেরত নিয়ে কলেজে সংরক্ষণ করতে হবে।

১০। ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার (i) মুল নম্বরফর্দ (ii) মূল প্রবেশপত্র (iii) মূল রেজিস্ট্রেশন কার্ড দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক স্বাক্ষর ও সীলসহ Verified and found correct লেখা থাকতে হবে। কোনো ক্রমেই মাধ্যমিক বা সমমানের কোনো **সনদপত্র প্রমাণক হিসেবে** গ্রহণ করা হবে না।

খ) এ ছাড়া যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক স্বাক্ষর ও সীলসহ Verified and found correct লেখা থাকতে হবে।

চলমান পাতা-২

গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের ক্ষেত্রে ১০(ক) এর নিয়ম প্রযোজ্য হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৭ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোনো কলেজের অধ্যক্ষ অথবা কোনো সরকারী গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র,আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোনো অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না, প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। অসত্য তথ্য প্রদান করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চ) প্রার্থীর সাম্প্রতিককালে তোলা ২(দুই)কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে কলেজে সংরক্ষন করতে হবে।

ছ) শিক্ষক-প্রার্থীদের বেলায় কোনো অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছেন মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

ঝ) কোনো শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক (স্ক্রাইব) নিযুক্ত করতে হবে।

১১। প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড কলেজ শাখা থেকে ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে গ্রহণ করতে হবে এবং উক্ত শাখা থেকে একই সঙ্গে PROBLEMATIC PRINT OUT ভুল সংশোধনের নিমিত্তে সংগ্রহ করতে হবে।

১২। PROBLEMATIC PRINT OUT **এ প্রয়োজনীয় সংশোধন করে ২০/০৩/২০২৫ তারিখে বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে এবং উক্ত শাখায় যোগাযোগ করে ফরম পূরণের পূর্বে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।**

**১৩ উক্ত রেজিস্ট্রেশনের মেয়াদ শুধু ১(এক) বছরের জন্য বলবৎ থাকবে।**

১৪। **প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।**

১৫। প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার বিজ্ঞপ্তি মোতাবেক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট পরীক্ষার প্রাপ্য ফি জমা দিতে হবে।

১৬। প্রাইভেট পরীক্ষার্থীগণ বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি মেনে চলতে বাধ্য থাকবে। কোনো কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বাতিল করার ক্ষমতা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। রেজিস্ট্রেশনভুক্ত প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও সময়সূচি এবোর্ডের পরীক্ষা শাখার বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

**চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে**

৪/২/২৫

**(প্রফেসর ড. মোহাম্মদ ছরওয়ার আলম)**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

স্মারক নং-চশিবো/ক-শা/রেজিঃ (প্রাইভেট)/৩২০/০৮/ ১০১৫(১৪) তারিখ ঃ০৪/০২/২০২৫খ্রিঃ

**অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-**

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
২। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন প্রাইভেট পরীক্ষার জন্য নির্বাচিত কলেজের অধ্যক্ষবৃন্দ।
৩। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৪। প্রোগ্রামার, কম্পিউটার সেল, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপক, কপোট্রোনিক্স ইনফো সিস্টেমস লিঃ, চট্টগ্রাম (লিংক খোলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৬। পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্রবোর্ড।
৭। অফিস নথি।

৪/২/২৫

**(প্রফেসর ড. মোহাম্মদ ছরওয়ার আলম)**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।